দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 30 SEP 2015 ...
পৃষ্ঠা ... ১৯ ... কলাম ... 2 ...



গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ে মেডিক্যালে ভর্তি পরীক্ষার ফলাফল বাতিলের দাবিতে বিক্ষোভকালে পুলিশ লাঠিচার্জ করে —ইত্তেফাক

# মেডিক্যাল ভর্তিচ্ছুদের কর্মসূচি পুলিশের বাধায় পণ্ড

## আজ সারাদেশে বিক্ষোভ

■ ইত্তেফাক রিপোর্ট

মেডিক্যালে ভর্তি পরীক্ষার ফল বাতিল এবং পুনরায় পরীক্ষার দাবিতে গতকাল মঙ্গলবার রাজধানীর কেন্দ্রীয় শহীদ মিনারে ডাকা অবস্থান কর্মসূচি পালন করতে পারেননি ভর্তিচ্ছু শিক্ষার্থীরা। পুলিশের বাধায় তা পণ্ড হয়ে যায়। পরে এক সংবাদ সম্মেলনে আজ বুধবার সারাদেশে বিক্ষোভ কর্মসূচির ডাক দিয়েছে আন্দোলনরত শিক্ষার্থীরা।

শিক্ষার্থীরা সকাল ১০টার দিকে কেন্দ্রীয় শহীদ মিনারে অবস্থান নিলেও বেলা ১২টার দিকে পুলিশ তাদের সেখান থেকে সরিয়ে দেয়। পরে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের প্রশাসনিক ভবন প্রাঙ্গণ ও করিডোরে প্রায় ২ শতাধিক ভর্তিচ্ছু ও অভিভাবক অবস্থান নিয়ে ভর্তি পরীক্ষা বাতিলের দাবিতে স্লোগান দেন। সেখান থেকেও দুপুর পৌনে ১টার দিকে তাদের সরিয়ে দেয় পুলিশ। পরে কেন্দ্রীয় শহীদ মিনারের সামনে সংবাদ সম্মেলন করে আন্দোলনরত শিক্ষার্থীরা। শিক্ষার্থীদের পক্ষে সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন মেডিক্যাল ভর্তিচ্ছু শিক্ষার্থী ইশরাত জাহান সিমি।

সিমি বলেন, বুধবার সকাল নয়টা থেকে কেন্দ্রীয় শহীদ মিনারসহ সারাদেশের বিভিন্ন এলাকার শহীদ মিনারে বিক্ষোভ কর্মসূচি পালন করা হবে। সকল শ্রেণি-পেশার মানুষকে কর্মসূচিতে অংশগ্রহণের আহ্বান জানিয়ে তিনি বলেন, শুধু শিক্ষার্থী নয়, শিক্ষক, চিকিৎসক, দিনমজুর- আপনারা যারা মনে করেন, আমরা ন্যায্য দাবিতে আন্দোলন করছি, তারা আমাদের সঙ্গে যোগ দিবেন। ঢাকা মেডিক্যাল কলেজ অন্যায়ভাবে শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম শুরু করেছে বলেও অভিযোগ করেন তিনি।

এদিকে মেডিক্যাল ভর্তি পরীক্ষায় প্রশ্নফাঁসের ঘটনায় আন্দোলনরত শিক্ষার্থীদের কর্মসূচি পালনে বাধা দেয়ার নিন্দা জানিয়েছে সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট। গতকাল এক বিবৃতিতে ছাত্র ফ্রন্টের কেন্দ্রীয় কমিটির সভাপতি সাইফুজ্জামান সাকন এবং সাধারণ সম্পাদক স্নেহাদ্রি চক্রবর্তী রিন্টু এ নিন্দা জানান।